বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 15 JUL 1995
পৃষ্ঠা ১০ কলাম ৭

দৈনিক জনকণ্ঠ

# প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগ সম্পর্কে জ্ঞাতব্য

সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহের সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য ইতোমধ্যে বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। শিক্ষক নির্বাচন সংক্রান্ত ফল প্রক্রিয়াকরণ এবং চূড়ান্ত/ নির্বাচন সম্পূর্ণ যান্ত্রিক পদ্ধতিতে কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করা হবে। এ অবস্থায় এ পদ্ধতিতে নিয়োগ প্রক্রিয়ায় কোন ব্যক্তি বিশেষ বা মহলের কোন প্রকার প্রভাব বিস্তারের সুযোগ নেই। তাই সংশ্লিষ্ট সকলকে অসাধু দুর্নীতিবাজ ব্যক্তি বা মহলের খপ্পরে পড়ে আর্থিক ক্ষতি বা হয়রানির সম্মুখীন না হবার জন্য সতর্ক করে দেয়া হয়েছে।

তা ছাড়া কিছু কিছু প্রার্থী বিজ্ঞপ্তি অনুযায়ী নিজ নিজ জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর আবেদন পত্র প্রেরণ না করে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদফতর বরাবর আবেদনপত্র প্রেরণ করেছেন। মহাপরিচালক বরাবর আবেদনপত্র প্রেরণ করলে আবেদনপত্র বাতিল করা হবে। খবর তথ্য বিবরণীর।